জনাব
জেসমিন আক্তার
প্রভাষক, ICT,
ভবানীপুর ...
২৩/০৭/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০২১.১৩.০৪১.২৫- ৬৫৫(১৪০)

তারিখ: ২৫/০৩/১৪৩২ বঙ্গাব্দ
০৯/০৭/২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : "RJP Tech Olympia 2025 আইসিটি প্রতিযোগিতা" তে শিক্ষার্থীদের অংশগ্রহণে সার্বিক সহযোগিতা প্রদান

সূত্র : জনাব তারেক আবরার, প্রেসিডেন্ট, রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স, তালাইমারী, রাজশাহী এর ০৭/০৭/২০২৫ খ্রি: তারিখের আরজেপি/২৫০৭/বি-৩ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রুয়েট, রাবি ও বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের একদল মেধাবী ও তরুণ শিক্ষার্থীর উদ্যোগে স্কুল-কলেজ শিক্ষার্থীদের জন্য প্রতিষ্ঠিত স্বেচ্ছাসেবী আইসিটি ক্লাব, রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স (আরজেপি) এই জেলায় "RJP Tech Olympia 2025 আইসিটি প্রতিযোগিতা" আয়োজন করছে। এতে আয়োজন সহযোগী হিসেবে থাকছে IEEE APS Rajshahi University Student Branch. উক্ত আয়োজনে শিক্ষার্থীদের অংশগ্রহণের লক্ষ্যে ক্লাবটি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক সহযোগিতা কামনা করেছে।

এমতাবস্থায়, পত্রটির আলোকে আপনার প্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের অংশগ্রহণের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০৩ (তিন) পাতা

০৮/০৭/২০২৫
(টুকটুক তালুকদার)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮-৫২৯৩৪ (অফিস)
e-mail: adceduictrajshahi@gmail.com

১। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
(প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
.............................................................
রাজশাহী

অনুলিপি :

১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে
২। প্রেসিডেন্ট, রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স, সিএসই, রুয়েট, রাজশাহী

Learn from Senior, Teach that Junior

# RAJSHAHI JUNIOR PROGRAMMERS

Talaimari, Rajshahi, Bangladesh
jp.rajshahi24@gmail.com , /jp.rajshahi

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
পত্র প্রাপ্তির নং- ৯০৭
তারিখ ০৭/০৭/২৫

Source: RJP/2507/B3

Date: 07/07/2025

বরাবর

জেলা প্রশাসক
রাজশাহী জেলা, রাজশাহী।

অতিঃজেঃপ্রঃ (শিঃ ও আইসিটি) এর গোপনীয় শাখা
ডাইরী নং-
তারিখ ০৮/০৭/২০২৫
শিক্ষা ও কল্যাণ/ আইসিটি শাখা

বিষয়: "Tech Olympia 2025 আইসিটি প্রতিযোগিতা" বিষয়ে স্মারক প্রদান প্রসঙ্গে।

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, রুয়েট, রাবি ও বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিচালিত আইসিটি ক্লাব রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স (আরজেপি)'র উদ্যোগে এবং IEEE AP-S Rajshahi University Student Branch এর সহযোগিতায় অনুষ্ঠিত হতে যাচ্ছে RJP Tech Olympia 2025। এই ইভেন্টের অংশ হিসেবে থাকছে আইসিটি অলিম্পিয়াড, পাজেল কম্পিটিশন এবং প্রোগ্রামিং ও আইসিটি কর্মশালা। উক্ত আয়োজনে আমরা আপনার এবং জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করছি।

রাজশাহীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আপনার পক্ষ থেকে স্মারক প্রদান করা হলে উক্ত আয়োজন সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হবে এবং দেশপ্রেমের মহান ব্রতের অংশ হিসেবে আরজেপি'র স্বেচ্ছাসেবামূলক কাজ ও প্রযুক্তি শিক্ষা-আন্দোলন আরও বেগবান হবে।

অতএব, বিনীত অনুরোধ এই যে, "আরজেপি আয়োজিত Tech Olympia 2025 আইসিটি প্রতিযোগিতা" আয়োজনে সার্বিক সহযোগিতা ও শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতের জন্য জেলাধীন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে স্মারক প্রদান করতে মহোদয়ের যেন মর্জি হয়।

নিবেদক,

তারেক আবরার
প্রেসিডেন্ট, রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স
সিএসই, রুয়েট (২০২২)
মোবাইল: ০১৫১৮-৭৩১১৩১

সংযুক্তি:

১। আরজেপি'র সংক্ষিপ্ত পরিচিতি ও অ্যালবাম
২। প্রতিযোগিতা সংক্রান্ত বিজ্ঞপ্তি

Learn from Senior, Teach that Junior

# RAJSHAHI JUNIOR PROGRAMMERS

Talaimari, Rajshahi, Bangladesh

jp.rajshahi24@gmail.com , /jp.rajshahi

Source: RJP/2507/B1 Date: 01/07/2025

## RJP Tech Olympia 2025 (আইসিটি প্রতিযোগিতা)

রুয়েট, রাবি ও বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিচালিত স্বেচ্ছাসেবী আইসিটি ক্লাব রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স (আরজেপি)'র উদ্যোগে এবং IEEE APS Rajshahi University Student Branch এর সহযোগিতায় অনুষ্ঠিত হতে যাচ্ছে RJP Tech Olympia 2025 আইসিটি প্রতিযোগিতা। এই ইভেন্টের অংশ হিসেবে থাকছে আইসিটি অলিম্পিয়াড, পাজেল কম্পিটিশন এবং প্রোগ্রামিং ও আইসিটি কর্মশালা। রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হতে যাওয়া এই প্রতিযোগিতায় আগ্রহী সকলকে রেজিস্ট্রেশন করার আহ্বান জানানো হচ্ছে।

কারা অংশ নিবে: রাজশাহী বিভাগের যেকোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে। ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থীরা জুনিয়র ক্যাটাগরি এবং ৯ম-১০ম শ্রেণির শিক্ষার্থীরা সিনিয়র ক্যাটাগরি হিসেবে বিবেচিত হবে। একই ক্যাটাগরির শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

আইসিটি অলিম্পিয়াড: এটি RJP Tech Olympia 2025 এর মূল সেগমেন্ট। আইসিটি অলিম্পিয়াডের রেজিস্ট্রেশনকারী সকল শিক্ষার্থীকে নিয়ে অনুষ্ঠিত হবে আইসিটি অলিম্পিয়াড: প্রিলিমিনারি রাউন্ড (সম্ভাব্য তারিখ: ১ অথবা ৮ আগস্ট)। এতে উত্তীর্ণ শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হবে আইসিটি ও প্রোগ্রামিং ওয়ার্কশপ। প্রিলিমিনারিতে উত্তীর্ণ শিক্ষার্থীরা আইসিটি অলিম্পিয়াডের ফাইনাল রাউন্ডে অংশগ্রহণ করবে, যেটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং অনুষদে অনুষ্ঠিত হবে (সম্ভাব্য তারিখ: ২০ অথবা ২১ আগস্ট)। ফাইনাল রাউন্ডে বিজয়ী শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হবে "আরজেপি গ্র্যান্ড ক্যাম্প" (কর্মশালা)।

আইসিটি অলিম্পিয়াড এমসিকিউ পদ্ধতিতে টিক চিহ্নের মাধ্যমে অনুষ্ঠিত হবে। প্রিলিমিনারিতে নেগেটিভ মার্কিং থাকবেনা, ফাইনাল রাউন্ডে ২৫% নেগেটিভ মার্কিং থাকবে। অলিম্পিয়াডের প্রস্তুতিতে প্রাথমিকভাবে ক্যাটাগরির আইসিটি বইগুলো দেখা যেতে পারে। তবে ভালো করতে হলে সি ও পাইথন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ সম্পর্কে ধারণা এবং বিভিন্ন গাণিতিক ও বিশ্লেষণধর্মী দক্ষতা প্রয়োজন হবে। শুধুমাত্র মুখস্তভিত্তিক প্রস্তুতি নিতে নিরুৎসাহিত করা হচ্ছে।

ট্রেনিং ওয়ার্কশপ ও ক্যাম্প: আইসিটি অলিম্পিয়াডে প্রিলিমিনারি ও ফাইনাল রাউন্ডে উত্তীর্ণ শিক্ষার্থীদের নিয়ে ধাপে ধাপে ওয়ার্কশপ ও ক্যাম্প অনুষ্ঠিত হবে। শুধু প্রতিযোগিতা আয়োজন নয়, বরং শিক্ষার্থীদের যুগোপযোগী কিছু শেখানোর প্রয়াসে আরজেপি কাজ করে। শিক্ষার্থীদের প্রযুক্তিভিত্তিক ও বিশ্লেষণধর্মী দক্ষতা এবং প্রোগ্রামিং এর জ্ঞান বৃদ্ধিতে এই কর্মশালাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

পাজেল কম্পিটিশন: এই প্রতিযোগিতার জন্য কোনো প্রিলিমিনারি রাউন্ড নেই। RJP Tech Olympia 2025 এর মূল অনুষ্ঠানে এই প্রতিযোগিতা সরাসরি অনুষ্ঠিত হবে। ক্যাটগরি ও বয়স অনুযায়ী বিশ্লেষণধর্মী দক্ষতা যাচাইয়ে যেকোনো ধরনের পাজেল দেয়া থাকতে পারে। আইসিটি অলিম্পিয়াডের প্রিলিমিনারিতে উত্তীর্ণ সকল শিক্ষার্থী এতে অংশ নিতে পারবে।

রেজিস্ট্রেশন: আইসিটি অলিম্পিয়াডে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন লিংক: **https://forms.gle/pBb7trUeUieizJKs9**. এতে রেজিস্ট্রেশন বাবদ শুভেচ্ছা মূল্য\৫০ টাকা। রেজিস্ট্রেশন ফি পরিশোধের বিস্তারিত তথ্য ফর্মে দেয়া আছে। আইসিটি অলিম্পিয়াডের প্রিলিমিনারিতে উত্তীর্ণ শিক্ষার্থীরা আইসিটি অলিম্পিয়াড ফাইনাল রাউন্ডের পাশাপাশি পাজেল কম্পিটিশনে অংশ নিতে পারবে।

প্রবেশপত্র ও রেজাল্ট: রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত ইমেইল আইডিতে প্রিলিমিনারি ও ফাইনাল রাউন্ডের প্রবেশপত্র পাঠানো হবে। শিক্ষার্থীরা উক্ত প্রবেশপত্র প্রিন্ট করে নিয়ে আসবে। কেউ প্রবেশপত্র না পেয়ে থাকলে, 'আরজেপি'র ফেসবুক পেইজে যোগাযোগ করবে। প্রিলিমিনারি রাউন্ডের রেজাল্ট ও বিভিন্ন আপডেট আরজেপি'র ফেসবুক পেইজে দেয়া হবে। তাই সকলকে পেইজে যুক্ত থাকার অনুরোধ করা হলো। ফেসবুক পেইজ: **https://www.facebook.com/jp.rajshahi**

আইসিটি অলিম্পিয়াডের রেজিস্ট্রেশন

আরজেপি'র ফেসবুক পেইজ

# RJP'র সংক্ষিপ্ত পরিচিতি

### RJP কী ও কাদের জন্য?

Rajshahi Junior Programmers (RJP) হলো RUET, RU ও VU-এর একদল মেধাবী ও তরুণ শিক্ষার্থীর উদ্যোগে ২০২৪ সালে প্রতিষ্ঠিত স্বেচ্ছাসেবী একটি প্রোগ্রামিং ক্লাব। কমিউনিকেটিভ লার্নিং-এর এ যুগে কম্পিউটার প্রোগ্রামিং-কে সকলের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য একটি প্রযুক্তি-শিক্ষা আন্দোলনের নাম।
রাজশাহী অঞ্চলের হাইস্কুল ও কলেজের যেসব শিক্ষার্থী কম্পিউটার প্রোগ্রামিং ও বিশ্লেষণধর্মী সমস্যা সমাধানের দক্ষতা অর্জনে আগ্রহী, তাদের জন্য বিশ্ববিদ্যালয় পড়ুয়া একদল তরুণ প্রোগ্রামারের উদ্যোগে শুরু হয় RJP বা রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স।

### লক্ষ্য ও উদ্দেশ্য:

(ক) শিক্ষার্থীদের বিশ্লেষণধর্মী দক্ষতা বৃদ্ধিতে RJP কাজ করে থাকে। প্রথাগত বিদ্যার পাশাপাশি প্রযুক্তি-শিক্ষামূলক বিভিন্ন কর্মসূচী পরিচালনা করা; সেমিনার, কর্মশালা, প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন ইত্যাদির মাধ্যমে তথ্য-প্রযুক্তির আন্তর্জাতিক অঙ্গনে শিক্ষার্থীদের নিজেদের অবস্থান তৈরির জন্য উৎসাহ ও পরামর্শ দেয়া।

(খ) স্কুল শিক্ষার্থীদের মনোজগতে আন্তর্জাতিক প্রযুক্তি খাতে নেতৃত্ব দেয়ার স্বপ্ন জাগানো, আর সেই স্বপ্ন পূরণের জন্য শুরু থেকে তাদেরকে ভিশনারি মানসিকতায় গড়ে তুলতে সাহায্য করা। এ লক্ষ্যে প্রযুক্তির বৈশ্বিক অগ্রগতি নিয়ে মত বিনিময় ও পরামর্শ দেয়া।

(গ) আমাদের দেশে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে তথ্য-প্রযুক্তির আলো পৌঁছে দিতে "Learn from senior, teach that junior" ধরণের স্বেচ্ছাসেবী মানসিকতার সৎ, দক্ষ ও আদর্শ মানবসম্পদ তৈরি করা। দেশপ্রেমের মহান ব্রতের অংশ হিসেবে এসব মেধাশ্রম দিয়ে বিশ্ব দরবারে বাংলাদেশকে তুলে ধরতে বদ্ধপরিকর।

### কার্যক্রম:

RJP শিক্ষার্থীদের মেধা বিকাশে সম্পূর্ণ স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। প্রোগ্রামিং ও প্রযুক্তি শিক্ষাদানে দক্ষ প্রশিক্ষক দ্বারা শিক্ষার্থীদের প্রোগ্রামিং দক্ষতা বৃদ্ধি করা হয়; একসময় শিক্ষার্থীরাই দক্ষ হয়ে ওঠার পর প্রশিক্ষক হিসেবে ভূমিকা পালন করে এবং গড়ে তোলে আরও বহু দক্ষ জুনিয়র প্রোগ্রামার। এ ধারাবাহিক কার্যক্রমে শিক্ষার্থীরা নিজে দক্ষ হয়ে ওঠে; একই সঙ্গে আরও বহু শিক্ষার্থীকে দক্ষ করে তোলে। ফলে এগিয়ে যায় দেশ, গড়ে ওঠে একটি মেধাবী প্রজন্ম।

### অভিভাবকের ভূমিকা:

RJP বিশ্বাস করে, "সন্তান আপনার কিন্তু দেশের সম্পদ; তৃপ্তি আপনার কিন্তু দেশের স্বপ্নপূরণ" এ লক্ষ্যে সন্তানকে উন্নত স্বপ্নের জগতে পৌঁছে দিতে আর সেই স্বপ্ন পূরণ করতে অভিভাবকের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমাদের সকলের মিলিত লক্ষ্য পূরণের জন্য RJP নিয়মিত অভিভাবকবৃন্দের সাথে মত বিনিময় সভার আয়োজন করবে। তাঁদের পরামর্শ ও সহযোগিতা 'র কার্যক্রম আরও বেগবান হবে।

### প্রযুক্তিচর্চায় আরজেপি'র অবদান:

আধুনিক বিশ্বের প্রযুক্তিচর্চা তথা কম্পিউটার প্রোগ্রামিং-কে শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দিতে নিঃস্বার্থভাবে কাজ করে যাচ্ছে বা রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স। শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন সময় সেশন ও ক্যাম্প আয়োজনের পাশাপাশি ক্ষুদ্র ও বৃহত্তর পরিসরে বিভিন্ন প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা করা, বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামিং প্রতিযোগিতায় স্কুল-কলেজে পড়ুয়া শিক্ষার্থীদের অংশগ্রহণের ব্যবস্থা করা, শিক্ষার্থীদের লিডারশিপ ও নেটওয়ার্কিং দক্ষতা বৃদ্ধি এবং ভিশনারি হিসেবে গড়ে তোলা ইত্যাদির মাধ্যমে আধুনিক প্রযুক্তিচর্চা ও দেশের সার্বিক উন্নয়নকে এগিয়ে নেয়ার কাজে অবদান রাখছে আরজেপি।

### RJP Advisory Board:

- **Dr. Shamim Ahmad**
  **Professor, CSE, RU**
- **Barshon Sen**
  **Asst. Professor, CSE, RUET**
- **Mohiuddin Ahmed**
  **Asst. Professor, CSE, RUET**
- **Azmain Yakin Srizon**
  **Asst. Professor, CSE, RUET**
- **Abdullah Tamim**
  **Lecturer, CSE, VU**